যখন ইয়ামানের লোকেরা আসলো, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমাদের কাছে ইয়ামানের লোকেরা এসেছে।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, যখন ইয়ামানের লোকেরা
আসে, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমাদের কাছে
ইয়ামানের লোকেরা এসেছে। আর তারা তোমাদের জন্য সর্বপ্রথম মুসাফাহার নিয়ম-পদ্ধতি
নিয়ে এসেছে।
[সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের বাণী, (اليمن أهل جاءكم قد” (তোমাদের কাছে ইয়ামানের লোকেরা এসেছে।” একথা বলে তাদেরকে সম্মান প্রদর্শন ও মর্যাদা প্রদান করা হয়েছে। তাদের মধ্যে ছিল আবূ মূসা আশ‘আরী রাদিয়াল্লাহু ‘আনহুর সম্প্রদায় আশ‘আরী গোত্রের লোকেরা। মুসনাদে আহমাদে (৩/১৫৫) আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত হাদীস একথার প্রমাণ। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “আগামীকাল তোমাদের মধ্যে এমন এক সম্প্রদায়ের লোকেরা আগমন করবে যাদের অন্তর ইসলামের প্রতি অতি কোমল। বর্ণনাকারী বলেন, পরের দিন আশ‘আরী গোত্রের লোকেরা আগমন করল। তাদের মধ্যে অন্যতম ছিলেন আবূ মূসা আশ‘আরী রাদিয়াল্লাহু ‘আনহু। তারা যখন মদীনার নিকটবর্তী হলেন তখন তারা ছন্দময় কবিতা বলতে লাগলেন, “আগামী কাল আমরা আমাদের প্রিয়জনদের সাথে মিলিত হবো, মুহাম্মাদ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর গোষ্ঠীর সাথে”। অতঃপর তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের কাছে আগমন করে পরস্পর মুসাফাহা করলেন। আর এভাবেই তারাই সর্বপ্রথম মুসাফাহার প্রচলন করেন।

http://sunnah.global/hadeeth/bn/show/6214